



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫০৪০৩  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
৯৫৬০০২৪-২৫  
৯৫৬০০৩১-৩৫  
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৪/২০২০

তারিখঃ ০৯/০২/২০২০

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ,  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ হিমাগারে আলু সংরক্ষণের জন্য কোল্ড স্টোরেজ এর অনুকূলে প্লেজ গোডাউনে মজুদ রেখে চলতি মূলধন ঋণ (প্লেজ) প্রদানের পরিবর্তে চলতি মূলধন ঋণ (হাইপো) আকারে মঞ্জুরি ও বিতরণের অনুমোদন প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক ১৯৮১ সাল হতে আলু হিমাগার খাতে ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। তবে, পরিচালনা পর্যদের ৩১/০৩/২০০৪ সালের ৩৭৭ তম সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত খাতে নতুন করে ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ আছে। ২৯-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্যদের ৭৫৬ তম সভায় হিমাগারে আলু সংরক্ষণের জন্য কোল্ড স্টোরেজ এর অনুকূলে প্লেজ গোডাউনে মজুদ রেখে চলতি মূলধন ঋণ (প্লেজ) প্রদানের পরিবর্তে চলতি মূলধন ঋণ (হাইপো) আকারে মঞ্জুরি ও বিতরণের অনুমোদন প্রসঙ্গে কার্যপত্র উপস্থাপন করা হলে পর্যদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

“ক্রেডিট বিভাগ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে বিগত ৩১-০৩-২০০৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৩৭৭ তম সভায় বিবেচনা কর্তৃক হিমাগারসমূহে অর্থায়নের বিষয়ে গৃহীত সিদ্ধান্তের মধ্যে “কোন হিমাগারে নতুন করিয়া আর কোন ঋণ প্রদান করা হইবে না।” এ অংশটুকু প্রত্যাহারপূর্বক বিদ্যমান নিয়মে ঋণ মঞ্জুরি অর্থাৎ কোল্ড স্টোরেজের অনুকূলে প্লেজ ঋণ বিবেচনা না করে সম্পূর্ণ দায় বন্ধকির (হাইপোথিকেশন) বিপরীতে জামানতি সম্পত্তির বন্ধক গ্রহণ সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণপূর্বক জামানত/সহায়ক জামানত বন্ধক গ্রহণপূর্বক চলতি মূলধন ঋণ আকারে নিম্নবর্ণিত শর্তে ঋণ প্রদানের প্রস্তাবটি অনুমোদন করা হইলো।

“শর্তঃ ক্রেডিট ও অপারেশন ম্যানুয়াল ২০১৯ এর অনুচ্ছেদ ০৭ এর নির্দেশনা অনুসরণ করে (প্লেজ ঋণ বিবেচনা না করে সম্পূর্ণ দায়বন্ধকির (হাইপোথিকেশন) বিপরীতে জামানত সম্পত্তির বন্ধক গ্রহণ করে) কেইস টু কেইস ভিত্তিতে ঋণ আবেদনকারীর সক্ষমতা যাচাই বাছাইকরতঃ বিদ্যমান নিয়মাচার অনুযায়ী আলোচ্য ঋণ মঞ্জুরি ও বিতরণ করা যাবে।”

- ০২। এমতাবস্থায়, প্রচলিত ও বলবৎ শর্তসহ পরিচালনা পর্যদে গৃহীত উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্দেশনা যথাযথভাবে পরিপালন পূর্বক এ খাতে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/সুপারিশ/মঞ্জুরির কার্যাদি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হইলো।


আপনার বিশ্বস্ত  
  
(মোহাম্মদ মঈনুল হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/ক্রেঃবিঃ/৩(১১৯)/২০১৯-২০২০/৭৩২(১২৫০)

তারিখঃ ০৯/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বিকেবি।
- ০৯। নথি / মহানথি।

  
(মোঃ নাজমুল করিম চৌধুরী)  
সহকারী মহাব্যবস্থাপক